গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

বিষয় : Consultation Meeting with BMET (Bureau of Manpower Employment and Training) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব সিদ্দিকা আক্তার, অতিরিক্ত সচিব, মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মোঃ শহীদুল আলম (এনডিসি), মহাপরিচালক BMET (জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো), এবং তার অধিদপ্তর হতে আগত অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীগণকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় বিদেশে দক্ষ নার্স পাঠানোর ব্যাপারে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের করণীয় বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ১ | BMET প্রতিষ্ঠানের কাঠামো এবং চলমান কার্যক্রম বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয়। এছাড়া জনাব মোঃ শহীদুল আলম (এনডিসি), মহাপরিচালক, BMET তার প্রতিষ্ঠান সম্পর্কে আরও বিস্তারিত বর্ণনা দেন। এরপর DGNM এর পক্ষ থেকে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয় এবং DGNM এর অধীন কর্মরত বর্তমান নার্সের সংখ্যা, স্পেশালাইজড নার্সের সংখ্যা ও শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। প্রতিবছর বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্টান থেকে কি পরিমান নার্স ডিপ্লোমা/ বি.এস.সি. কোর্স সম্পন্ন করে বের হয় এবং কি পরিমান নার্স বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) এর লাইসেন্স পেয়েছে কিন্তু চাকরি পায় নি তার সঠিক পরিসংখ্যান বের করার বিষয়ে আলোচনা করা হয়। বর্তমানে সারা বিশ্বে বিশেষ করে, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে (যেমন দুবাই, আবুধাবি, কুয়েত, কাতার, সংযুক্ত আরব আমিরাত সহ সিঙ্গাপুর, ইউ কে, অস্ট্রেলিয়া, আমেরিকা সহ বিভিন্ন দেশে দক্ষ Nurse ও Care Giver এর সংকট রয়েছে। এমতাবস্থায়, বাংলাদেশের অভ্যন্তরীণ নার্সের চাহিদা মিটিয়ে বহির্বিশ্বে দক্ষ Nurse ও Care Giver পাঠানো যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে ইংরেজিতে দক্ষতা অর্জনের বিষয়টি বিশেষভাবে উঠে আসে এবং উন্নত বিশ্বে Nurse পাঠানোর ক্ষেত্রে IETS-এ ভালো score প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। সরকারি চাকরিতে কর্মরত নার্সগণকে যারা বিদেশে যেতে আগ্রহী তাদের চাকরি বিধিমালা অনুযায়ী লিয়েন এর মাধ্যমে পাঠানো যায় কিনা সে বিষয়েও আলোচনা করা হয়। তবে বিশেষভাবে যারা এখনো চাকরি পায় নি তাদের বিভিন্ন দেশে চাকরি প্রাপ্তির ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়। | • BMET একটি নির্ভরযোগ্য Online Job Seeker Platform তৈরি করবে। যেখানে অন্যান্য পেশার সাথে সাথে ডিপ্লোমা/ বি.এস.সি. কোর্স সম্পন্নকারী রেজিস্টার্ড নার্সগণও নিবন্ধন করতে পারবেন এবং নিজেদের CV, Passport, Picture আপলোড করে রাখতে পারবেন চাকরি প্রত্যাশী হিসেবে। | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। |
| ২ | BMET এর মহাপরিচালক বাংলাদেশের স্বীকৃত নার্সিং কোর্স, ভর্তি যোগ্যতা এবং লাইসেন্স প্রাপ্তি সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল তাকে অবহিত করেন, বাংলাদেশে তিন ধরণের নার্সিং কোর্স বিদ্যমানঃ বি.এস.সি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি। পরবর্তীতে সকলেরই উচ্চতর শিক্ষা গ্রহণ করার সুযোগ রয়েছে যেমনঃ পোস্ট বিএসসি, মাস্টার্স ও পিএইচডি। তবে সরকারি চাকরিতে আবেদনের যোগ্যতা বি.এস.সি ইন নার্সিং/ ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড | • MoHFW (Ministry of Health and Family Welfare), MoFA (Ministry of Foreign Affairs), BMET, DGNM এবং BNMC এর সমন্বয়ে Accreditation committee, Research committee গঠন এবং বিদেশে | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, |

| | | | |
|---|---|---|---|
| | মিডওয়াইফারি/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি এবং বিএনএমসি কর্তৃক লাইসেন্স প্রাপ্ত। মহাপরিচালক, BMET এ ব্যাপারে পরামর্শ দেন যে, বাংলাদেশে যে তিন ধরণের নার্সিং কোর্স বিদ্যমান সেই সকল কোর্সসমূহ বাংলাদেশের বাইরে যেকোন দেশের বিশ্ববিদ্যালয় কর্তৃক accreditation করতে হবে। তাহলে বিদেশে বাংলাদেশী নার্সিং কোর্স স্বীকৃতি পাবে। এ বিষয়ে বিভিন্ন দেশের নার্সিং কোর্সের কারিকুলাম, সিলেবাস নিয়ে গবেষণা করা যেতে পারে। এছাড়া আন্তর্জাতিকভাবে স্বীকৃত কম্প্রিহেন্সিভ নার্সিং পরীক্ষাগুলো যেমন NCLEX, CGFNS এর ভেন্যু বাংলাদেশেও আনা যায় কিনা সে বিষয়ে আরো পদক্ষেপ নেয়া নেয়া যেতে পারে। উপরোক্ত বিষয়ে কাজ করার লক্ষ্যে DGNM ও BMET এর মধ্যে উপযুক্ত সেতুবন্ধন তৈরি করার ব্যাপারে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। | Nurse ও Care Giver পাঠানোর জন্য TOR (Terms of Reference) তৈরি প্রক্রিয়া অবিলম্বে শুরু করা হবে।<br>প্রস্তাবিত কমিটিঃ<br>১. মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া, পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি<br>২. মোঃ নাসির উদ্দিন, পরিচালক (প্রশাসন), ডিজিএনএম<br>৩. দেওয়ান মোহাম্মদ নজমুল হক, উপপরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি<br>৪. মোঃ মাসুদ রানা, উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি<br>৫. মোঃ খোরশেদ আলম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ডিজিএনএম<br><br>কমিটির TOR:<br>১. বিএসসি নার্সিং , ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী বিদেশে যেতে ইচ্ছুক তাদেরকে বিএমইটি-তে রেজিস্ট্রেশন করার ব্যবস্থাকরণ।<br>২. বিদেশ থেকে সরকারী বেসরকারী ভাবে প্রাপ্ত নার্স নিয়োগের চাহিদার বিষয়টি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে জানানো।<br>৩. বাংলাদেশে প্রদত্ত নার্সিং সার্টিফিকেট-কে বৈদেশিক কর্মসংস্থানের জন্য স্বীকৃতি প্রদান বিষয়ে পদক্ষেপ গ্রহণ।<br>৪. বাংলাদেশ থেকে বিদেশে নার্স প্রেরণের ক্ষেত্রে বাধাসমূহ চিহ্নতকরণ এবং সমাধানের সুপারিশমালা প্রেরণ। | বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২১

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা

নং- ৪৫.০৬.০০০০.০০২.০১.০৭৬ (অংশ-২).২১-৬২৭, তাং- ২৮/১১/২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
০৫। উপসচিব (নার্সিং সেবা- ১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬। পরিচালক (প্রশাসন/শিক্ষা ও শৃংখলা/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৭। উপপরিচালক (সকল),নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৮। সহকারি প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৯। কো-অর্ডিনেটর (ওপি শাখা )/ পরিসংখ্যানবিদ / প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব ........................................................................................................

২৮/১১/২১
মোঃ রশিদুল মান্নাফ কবীর
পরিচালক (শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর